# রূপশ্রী প্রকল্প

## প্রকল্প রূপায়ণের নির্দেশনামা

## নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ দপ্তর
## পশ্চিমবঙ্গ সরকার

সূচিপত্র

**১। ভূমিকা**............................................................................................. ১
১.১। রূপশ্রী প্রকল্প.................................................................................... ১
১.২। সংজ্ঞা.................................................................................................... ১
১.৩। যোগ্যাতার শর্তাবলী............................................................................... ১
১.৪। প্রকল্পে আবেদনের পদ্ধতি........................................................................ ১
১.৫। অনুদান বন্টনের পদ্ধতি........................................................................... ২

**২। প্রকল্প রূপায়ণ ও তদারকি**
২.১। আবেদনপত্রের প্রক্রিয়াকরণ পদ্ধতি ........................................................ ২
২.১.১।চাহিদা অনুযায়ি আবেদনপত্রের প্রাপ্তি ...................................................... ২
২.১.২।আবেদনপত্রের জমা এবং তার নথীভূক্তকরণ ............................................. ২
২.১.৩। **আবেদনপত্রের সত্যতা যাচাই গৃহপরিদর্শনের প্রতিবেদন** ......................................... ...৩
২.১.৪। আবেদনপত্র অনুমোদন/বাতিল ............................................................. ৩
২.১.৫। আবেদনপত্রের যাচাই এবং অনুসন্ধান প্রতিবেদন........................................ ৩
২.২।অভিযোগ নিষ্পত্তি.................................................................................. ৩
২.৫।মাসিক প্রতিবেদন .................................................................................. ৪
২.৬।প্রকল্প তদারকি........................................................................................ ৪

৩। **পরিশিষ্ট**
পরিশিষ্ট ১ ঃ আবেদনপত্রের ছক............................................................................৬
পরিশিষ্ট ২ ঃ রূপশ্রী নিবন্ধীকরণ...........................................................................৬
পরিশিষ্ট ২ ক ঃ রূপশ্রী অভিযোগ নিষ্পত্তি নিবন্ধীকরণ..............................................৬
পরিশিষ্ট ৩ ঃ অনুসন্ধান তথা অনুমোদনের ছক...........................................................৭
পরিশিষ্ট ৪ ঃ মাসিক তথ্যভুক্তিকরণ (এম.আই.এস) .....................................................৭

## ১। ভূমিকা

### ১.১। রূপশ্রী প্রকল্প

১) ৩১ জানুয়ারি ২০১৮ তারিখে রাজ্য বাজেটে ২০১৮-১৯ অর্থবর্ষে পশ্চিমবঙ্গের মাননীয় অর্থমন্ত্রী আর্থিক দূর্দশাগ্রস্ত পরিবারের প্রাপ্তবয়স্ক কন্যাদের বিবাহের জন্য এককালীন ২৫,০০০ টাকা (পঁচিশ হাজার টাকা) আর্থিক অনুদানের ঘোষণা করেছেন।

২) মেয়েদের বিবাহের সময়ে দরিদ্র পরিবার অনেক সময়েই অত্যন্ত চড়া সুদে টাকা ধার করে সমস্যার সম্মূখীন হয়। এই অনুদান "রূপশ্রী প্রকল্প" নামে দেওয়া হবে যার লক্ষ্য হল মেয়েদের বিবাহের সময়ে দরিদ্র পরিবার যে সমস্যার সম্মূখীন হয় তা হ্রাস করা।

৩) রূপশ্রী প্রকল্প ১ এপ্রিল ২০১৮ তারিখ থেকে রূপায়িত হবে এবং ১ এপ্রিল ২০১৮ তারিখ থেকে হওয়া সব বিবাহের ক্ষেত্রে প্রযোজ্য।

৪) এই প্রকল্পটি পশ্চিমবঙ্গের সকল জেলায় রূপায়িত হবে।

### ১.২ সংজ্ঞা

এই প্রকল্পে, প্রসঙ্গক্রমে উল্লেখ্য ঃ

বিবাহ - এর অর্থ এবং এতে ধরা হবে একজন মানসিকভাবে প্রকৃতস্থপুরুষ যার বয়স ২১ বছরের কম নয় এবং একজন মহিলা যার বয়স ১৮ বছরের কম নয়, দুজনেই স্বাধীনভাবে সম্মতি জানাতে সক্ষম, আচার-অনুষ্ঠানের মাধ্যমে অথবা অন্য কোনও প্রথা বা রীতিনীতি মেনে অথবা বিশেষ বিবাহ আইনে (স্পেশাল ম্যারেজ অ্যাক্ট) বিবাহ নিবন্ধীকরণের মাধ্যমে বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়া।

### ১.৩ যোগ্যতার শর্তাবলী

১) বিবাহের দিন ঠিক হওয়া যেকোনও মহিলার ক্ষেত্রে এই প্রকল্প প্রযোজ্য হবে যদি তার আবেদনপত্র নিম্নলিখিত শর্তগুলি পূরণ করে ঃ

ক) আবেদনকারীর বয়স অবশ্যই ১৮হবে
খ) তার আবেদন জমা দেওয়ার দিন পর্যন্ত সে অবিবাহিত হবে।
গ) প্রস্তাবিত বিবাহটি তার প্রথম বিবাহ হবে
ঘ) মহিলাকে পশ্চিমবঙ্গে জন্মগ্রহন করেছেন অথবা গত ৫ বছর ধরে পশ্চিমবঙ্গে বসবাস করছেন অথবা তার পিতা-মাতা পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা
ঙ) তার পারিবারিক বাৎসরিক আয় ১.৫০ লাখ টাকারবেশি হবে না।
চ) তার প্রস্তাবিত পাত্রেরবয়স ২১ বছর হবে
ছ) তার নিজস্ব ব্যাঙ্ক অ্যাকাউন্ট থাকবে যেটি সে একক ভাবে পরিচালনা করে। ব্যাঙ্ক অ্যাকাউন্টটি যেন এমন ব্যাঙ্কে হয় যে ব্যাঙ্কের আই.এফ.এস কোড এবং একটা এম.আই.সি.আর কোড থাকবে এবং এন.ই.এফ.টি-র মাধ্যমে ই-পেমেন্টের সুবিধা আছে।

### ১.৪ প্রকল্পে আবেদনের পদ্ধতি

১. প্রকল্পের আবেদনপত্র নিম্নোক্ত কার্যালয়গুলি থেকে বিনামূল্যে পাওয়া যাবে ঃ
ক) গ্রামীণ এলাকায় বসবাসকারী আবেদনকারীদের জন্য সমষ্টি উন্নয়ন আধিকারিকের কার্যালয় (বি.ডি.ও অফিস)
খ) মিউনিসিপ্যালিটি এলাকায় বসবাসকারী আবেদনকারীদের জন্য মহকুমা শাসকের কার্যালয় (এস.ডি.ও অফিস)
গ) মিউনিসিপ্যাল করপোরেশন এলাকায় বসবাসকারী আবেদনকারীদের জন্য মিউনিসিপ্যাল কমিশনারের কার্যালয়

২. নিম্নোক্ত কাগজপত্র/ শংসাপত্র অবশ্যই আবেদনপত্রের সাথে জমা দিতে হবে ঃ

ক) আবেদনকারীর বয়সের প্রমাণপত্রঃ উল্লেখ্য তথ্যের স্ব-প্রত্যায়িত ফটোকপি ঃ জন্ম শংসাপত্র/ভোটের এপিক কার্ড/প্যান কার্ড/মাধ্যমিকের অ্যাডমিট কার্ড/আধার কার্ড/সরকার অনুমোদিত বিদ্যালয় ছাড়ার শংসাপত্র

খ) অবিবাহিত মর্যাদা ঃকখনোই বিবাহ করেন নি, এই মর্মে আবেদনকারীর স্বঘোষণা

গ) পারিবারিক আয় ঃ আবেদনকারীর স্বঘোষণা

ঘ) বসবাসের প্রমাণপত্র ঃ আবেদনকারীর স্বঘোষণা

ঙ) ব্যাঙ্ক অ্যাকাউন্ট ঃ ব্যাঙ্কের বইয়ের যে পাতাগুলিতে অ্যাকাউন্ট হোল্ডারের নাম, অ্যাকাউন্ট নং, ব্যঙ্কের নাম, ঠিকানা, আই.এফ.এস.সি এম.আই.সি.আর নম্বর এবং অন্যান্য তথ্যাদি আছে সেই পাতা/গুলির আবেদনকারী দ্বারা স্ব-প্রত্যায়িত নকল

চ) প্রস্তাবিত বিবাহের প্রমাণ ঃ উল্লেখ্য যে কোনও একটি ঃ বিবাহের নিমন্ত্রণের কার্ড/বিবাহ নথিভূক্তিকরণের নোটিশ (ম্যারেজ রেজিস্ট্রেশন নোটিশ)/স্ব-ঘোষণা

ছ) প্রস্তাবিত পাত্রের বয়সের প্রমাণপত্র ঃ নিম্নোক্তগুলির মধ্যে যে কোনও একটি ঃ জন্ম শংসাপত্র/ভোটের এপিক কার্ড/প্যান কার্ড/মাধ্যমিকের অ্যাডমিট কার্ড/আধার কার্ড/প্রাথমিক বিদ্যালয় ছাড়ার শংসাপত্র (প্রস্তাবিত পাত্রের দ্বারা প্রত্যয়িত)

জ) আবেদনকারী এবং প্রস্তাবিত পাত্রের সাম্প্রতিক রঙীন পাসপোর্ট সাইজের ছবি

৩. সকল প্রয়োজনীয় কাগজপত্র এবং শংসাপত্র দিয়ে সম্পূর্ণ আবেদনপত্রটি আবেদকের বসবাসের এলাকার সংশ্লিষ্ট সমষ্টি উন্নয়ন আধিকারিকের কার্যালয়ে (বি.ডি.ও অফিস), মহকুমা শাসকের কার্যালয়ে (এস.ডি.ও অফিস) অথবা মিউনিসিপ্যাল করপোরেশনের কমিশনারের কার্যালয়ে জমা দিতে হবে এবং প্রস্তাবিত বিবাহের তারিখের ৩০ থেকে ৬০ দিন আগে জমা দিতে হবে।

### ১.৫ অনুদান বন্টনের পদ্ধতি

এই প্রকল্পের আর্থিক সুবিধা আবেদনকারীর একক ভাবে পরিচালিত ব্যাঙ্ক অ্যাকাউন্টে সরাসরি পাঠিয়ে দেওয়া হবে।

## ২। প্রকল্প রূপায়ণ ও তদারকি

### ২.১ আবেদনপত্রের প্রক্রিয়াকরণ পদ্ধতি

### ২.১.১ চাহিদা অনুযায়ি আবেদনপত্রের প্রাপ্তি

নম্বরহীন আবেদনপত্র (পরিশিষ্ট ১) বিনামূল্যে সকল ব্লক অফিস, মহকুমা অফিস এবং মিউনিসিপ্যাল করপোরেশনের অফিসে সারা বছর পাওয়া যাবে। website- http://www.wbcdwdsw.gov.in থেকে আবেদনপত্র ডাউনলোড করা যাবে।

### ২.১.২ আবেদনপত্রের জমা এবং তার নথীভুক্তকরণ

সম্পূর্ণ আবেদনপত্র এবং তার সমর্থনে যথাযথ কাগজপত্রসহ আবেদনকারী যেখানে থাকেন সেই অনুযায়ি সংশ্লিষ্ট ব্লক, মহকুমা এবং করপোরেশনের কার্যালয়ে জমা দিতে হবে।

প্রতিটি ব্লক/মহকুমা/মিউনিসিপ্যাল করপোরেশন কার্যালয়ে একটি রূপশ্রী রেজিস্টার (পরিশিষ্ট-২) রক্ষণাবেক্ষণ করা হবে এবং আবেদনপত্রের গ্রাহক আধিকারিক আবেদনপত্র গ্রহণ করার সময় :

১) রূপশ্রী রেজিস্টারে আবেদনপত্রের একটি নম্বর তৈরি করতে হবে (ফরম্যাট: ৩ সংখ্যার ক্রম নম্বর/অর্থ বর্ষ) এবং আবেদনপত্রে উল্লেখিত অফিসে ব্যবহারে জন্য জায়গাটি সম্পূর্ণ ভর্তি করতে হবে

২) আবেদনপত্রটি সম্পূর্ণভাবে ভর্তি কিনা তা প্রাথমিক ভাবে যাচাই করে দেখে নিতে হবে এবং আবেদনপত্রের সমর্থনে প্রদত্ত কাগজপত্রগুলি সঠিক ভাবে আছে কিনা এবং সেগুলিতে আবেদনকারীর স্বাক্ষর আছে তা দেখে নিতে হবে।

৩) যদি আবেদনটি যথাযথভাবে সম্পূর্ণভাবে ভর্তি করা হয়ে থাকে এবং তার সাথে প্রয়োজনীয় কাগজপত্রগুলিও দেওয়া হয়ে থাকে তাহলে আবেদন গ্রহণকারী আধিকারিক রূপশ্রীর রেজিস্টারে 'গৃহীত হয়েছে' বা অ্যাকসেপ্টেড বলে লিখে রাখবেন এবং তার পরিবর্তে আবেদনপত্র প্রাপ্তি স্বীকারের একটি স্বাক্ষরিত ও স্ট্যাম্প লাগানো স্লিপ আবেদনকারীকে প্রদান করবেন।

৪) যদি আবেদনপত্রটি সম্পূর্ণভাবে ভর্তি না করা থাকে এবং আবেদনপত্রের সমর্থনে প্রদত্ত কাগজপত্রগুলি সঠিক ভাবে না থাকে তাহলে আবেদন গ্রহণকারী আধিকারিক রূপশ্রীর রেজিস্টারে 'ফেরৎ' বা 'রিটার্নড' লিখে রাখবেন। আবেদনের প্রাপ্তি স্বীকারের একটি স্বাক্ষরিত ও স্ট্যাম্প লাগানো স্লিপে ফেরতের কারণ/গুলিও লিখে আবেদনকারীকে দেবেন এবং অসম্পূর্ণ আবেদনপত্রটি প্রদত্ত কাগজপত্রসহ তাকে ফেরৎ দেবেন ।

**২.১.৩ আবেদনপত্রের সত্যতা যাচাই গৃহপরিদর্শনের প্রতিবেদন**

প্রতিটি আবেদনপত্র অনুসন্ধানকারী আধিকারিককে দিতে হবে যিনি গৃহপরিদর্শন করে সত্যতা যাচাই করবেন এবং পরিশিষ্ট ৩ অনুযায়ী তিনি একটি প্রতিবেদন পেশ করবেন ।

১) গ্রামীণ এলাকার ক্ষেত্রে, বি.ডি.ও-র একজন সম্প্রসারণ আধিকারিক অনুসন্ধানকারী আধিকারিক আবেদনকারীর বসবাসের এলাকার সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের নির্বাহী আধিকারিক/সচিবের সাথে যৌথভাবে অনুসন্ধান করবেন। তারা যৌথভাবে আবেদকের বাড়ি গিয়ে দেখবেন যে সত্যি বিবাহের দিন স্থির হয়েছে কিনা যার জন্য আবেদনকারী সাহায্য চাইছেন । তারা স্থানীয় আবাসিক /প্রতিবেশীদের সাথে কথা বলবেন এবং আবেদনের সমর্থনে বা অসমর্থনে এ ধরণের পাঁচজন ব্যাক্তির স্বাক্ষর নেবেন।
২) যদি আবেদনকারী মিউনিসিপ্যালিটি এলাকায় বসবাস করেন তাহলে মহকুমা শাসকের তত্ত্বাবধানে মহকুমা এবং অথবা মিউনিসিপ্যালিটির অফিসের দুইজন আধিকারিকের মাধ্যমে একই ধরণের অনুসন্ধান করতে হবে।
৩) যদি আবেদনকারী মিউনিসিপ্যাল করপোরেশন এলাকার বসবাসকারী হন তাহলে করপোরেশনের কমিশনারের তত্ত্বাবধানে মিউনিসিপ্যাল করপোরেশন অফিসের দুইজন আধিকারিকের মাধ্যমে উপরোক্তভাবে একই ধরণের অনুসন্ধান করবেন।

**২.১.৪ আবেদনপত্র অনুমোদন / বাতিল**

পরিশিষ্ট ৩ অনুযায়ি অনুমোদনকারী আধিকারিক (বি.ডি.ও,/এস.ডি.ও/কমিশনার) সফলভাবে যাচাই করা আবেদনপত্রগুলি অনুমোদন করবেন এবং নেতিবচক তথ্য সম্বলিত তথ্যের জন্য আবেদনপত্র বাতিল করবেন।

যে আবেদনকারীর আবেদনপত্র বাতিল করা হল তাকে বাতিলের বিষয়টি জানাতে হবে।

**২.১.৫ আই.এফ.এম.এস-এর মাধ্যমে অনুমদিত আবেদনগুলিতে ব্যাঙ্কে সরাসরি অর্থ প্রদান**

লভ্য বরাদ্দের উপর ড্রয়িং অ্যান্ড ডিসবার্সিং অফিসার আই.এফ.এম.এস-এর মাধ্যমে অনুমোদনপ্রাপ্ত আবেদনকারীকে অনুমোদিত অর্থ সরাসরি ব্যাঙ্কে তার অ্যাকাউন্টে টাকা ট্রান্সফার করবেন। প্রস্তাবিত বিবাহের দিনের অন্তত ৫দিন আগে অর্থ প্রদান করতে হবে।

**২.২ অভিযোগ নিষ্পত্তি**

১. আবেদনকারী/সুবিধাপ্রাপকগণ তাদের সংশ্লিষ্ট ব্লক, মহকুমা অথবা মিউনিসিপ্যাল করপোরেশন অফিসে ফোন, অনলাইন অথবা চিঠির মাধ্যমে অভিযোগ জানাতে পারেন।
২. ব্লক, মহকুমা অথবা করপোরেশন আবেদনকারী/সুবিধাপ্রাপকদের অভিযোগ রূপশ্রী অভিযোগ নিষ্পত্তি রেজিস্টারে (পরিশিষ্ট ২-ক)
৩. যথাযথভাবে লিখিত আকারে (রেকর্ড) রাখবে এবং অবিলম্বে তার ব্যবস্থা নেওয়া নিশ্চিত করবে।

অভিযোগের কাজ সহজতর করার জন্য জেলা প্রকল্প ব্যাবস্থাপনা কেন্দ্র ঃ

ক) জেলা প্রকল্প ব্যাবস্থাপনা কেন্দ্রে, ব্লক, মহকুমা ও করপোরেশন স্তরের কার্যালয়গুলিতে সংশ্লিষ্ট নোডাল অফিসারদের ফোন নং নোটিশ বোর্ডে লাগানো নিশ্চিত করবে।

খ) সুবিধাপ্রাপকদের অভিযোগ ও জিজ্ঞাস্য নোডাল অফিসার যথাযথভাবে উত্তর দেবেন তা নিশ্চিত করবেন।

গ) প্রতিনিয়ত স্থানীয় স্তরের অভিযোগ নিষ্পত্তির জন্য নোডাল অফিসারগণ আধিকারিকদের সাথে নিয়মিত মিটিং করা নিশ্চিত করবেন।

ঘ) প্রকল্পে তালিকাভুক্তি, সত্যতা যাচাই, অনুমোদন এবং অর্থ প্রদানের পদ্ধতি সকলের জানার জন্য বিভিন্ন তথ্য-শিক্ষা-যোগাযোগের (আই.ই.সি) দ্রব্যাদি তৈরি করতে হবে।এই ধরণের তথ্য-শিক্ষা-যোগাযোগের (আই.ই.সি) দ্রব্যাদির মাধ্যমে প্রকল্পের সুষ্ঠু ভাবে বাস্তবায়নের জন্য প্রয়োজন এবং সুবিধাপপকদের উদ্বেগ প্রশমিত করবে।

### ২.৩ মাসিক প্রতিবেদন

প্রতিটি প্রকল্প ব্যবস্থাপনা কেন্দ্র পরিশিষ্ট ৪ অনুযায়ি একটি আর্থিক এবং বাস্তব কার্য সম্পাদনের মাসিক প্রতিবেদন পেশ করবে ।

### ২.৪ প্রকল্প তদারকি

এই প্রকল্পের কার্যকরী রূপায়ণের জন্য রাজ্য, জেলা এবং মহকুমা স্তর থেকে তদারকি করা হবে।

৩.পরিশিষ্ট

**পরিশিষ্ট ১ ঃ আবেদন পত্রের ফর্ম**

(attached)

**পরিশিষ্ট ২ ঃ রূপশ্রী রেজিস্টার**

| নম্বর | বিবরণ |
|---|---|
| ১ | আবেদনপত্রের নম্বর |
| ২ | আবেদনপত্র গ্রহণের তারিখ |
| ৩ | আবেদনকারীর নাম |
| ৪ | আবেদনকারীর জন্ম তারিখ |
| ৫ | ঠিকানা (গ্রাম পঞ্চায়েত ও ওয়ার্ডসহ) |
| ৬ | যোগাযোগের নম্বর(ফোন নং) |
| ৭ | প্রস্তাবিত বিবাহের দিন |
| ৮ | প্রাথমিক যাচাইয়ের অবস্থান : গৃহীত/ফেরৎ (অ্যাকসেপ্টেড/রিটার্নড) |
| ৯ | আবেদনপত্র গ্রহণকারী আধিকারিকের স্বাক্ষর |
| ১০ | অনুসন্ধান করার জন্য যাকে দেওয়া হল (নাম) |
| ১১ | অনুসন্ধান করতে দেওয়ার তারিখ |
| ১২ | অনুসন্ধান প্রতিবেদন জমা দেওয়ার তারিখ |
| ১৩ | অনুসন্ধানকারী আধিকারিকের স্বাক্ষর |
| ১৪ | অনুসন্ধান করা আবেদনপত্রের অবস্থা - গৃহীত/বাতিল (স্যাঙ্কশন/রিজেক্সন) |
| ১৫ | অনুসন্ধান করা আবেদনপত্র গৃহীত/বাতিল (স্যাঙ্কশন/রিজেক্সন) করার তারিখ |
| ১৬ | অনুদান প্রদানের দিন |

**পরিশিষ্ট ২-ক : রূপশ্রী অভিযোগ নিষ্পত্তি রেজিস্টার**

| নম্বর | বিবরণ |
|---|---|
| ১ | ক্রম নম্বর |
| ২ | তারিখ |
| ৩ | আবেদনকারীর নাম |
| ৪ | ঠিকানা (গ্রাম পঞ্চায়েত ও ওয়ার্ডসহ) |
| ৫ | যোগাযোগের নম্বর (ফোন নং) |
| ৬ | আবেদনপত্রের নম্বর ও তারিখ (যদিথাকে) |
| ৭ | অভিযোগের বিবরণ |
| ৮ | অনুসন্ধান করার তারিখ |
| ৯ | অনুসন্ধানজাত মন্তব্য |
| ১০ | সমাপ্ত করার তারিখ |
| ১১ | সমাপ্ত করার মন্তব্য |

পরিশিষ্ট ৩ অনুসন্ধান তথা অনুমোদনের ফর্ম

Biswa Bangla Logo

**Rupashree Prakalpa**

Dept. of Women & Child Development &Social Welfare

Government of West Bengal

Enquiry & Sanction Form

Rupashree Logo

Name of Applicant

| Application No | Date Received | Enquiry Date |
|---|---|---|
| | | |
| Place of Enquiry / G.P. Ward | Block / Municipality / Municipal Corpn. | District |
| | | |

With regard to the above-mentioned applicant, we have examined her application form, the documents submitted with it, and made detailed enquires to verify the claim of the applicant. During enquiry the following facts have been established:

| | | | |
|---|---|---|---|
| 1 | The applicant is un-married | True | False |
| 2 | The proposed marriage is her first marriage | True | False |
| 3 | She has attained the age of 18 years | True | False |
| 4 | Her family income is not more than Rs. 1.50 lakhs per year | True | False |
| 5 | She is a resident of West Bengal | True | False |
| 6 | Her marriage is to be held on or about the date mentioned in her application | True | False |

Remarks

Recommended for sanction Yes No

| Witnesses: Name & Address | Contact No. and Signature |
|---|---|
| 1 | |
| 2 | |
| 3 | |
| 4 | |
| 5 | |

| | Enquiry Officer 1 | Enquiry Officer 2 |
|---|---|---|
| Name | | |
| Designation | | |
| Signature & Seal | | |
| Date | | |

## Order

Sanctioned

Rejected

| | | | |
|---|---|---|---|
| Date | | Name of Sanctioning Officer | |
| Place | | Signature & Seal | |

পরিশিষ্ট ৪ : মাসিক তথ্য ব্যবস্থাপনা (ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম)

রূপশ্রী প্রকল্প প্রতিবেদনের মাস ...............................

বিভাগ ক : বাস্তব কার্য সম্পাদনের প্রতিবেদন

| | মোট আবেদনপত্র | | | | |
|---|---|---|---|---|---|
| | যাচাই করতে দেওয়া আবেদনপত্র | যাচাইকৃত আবেদনপত্র | অনুমোদিত আবেদনপত্র | বাতিল হওয়া আবেদনপত্র | অনুদান প্রদান |
| ওপেনিং ব্যালান্স(Opening balance) | | | | | |
| বর্তমানমাস(During the month) | | | | | |
| ক্লোসিং ব্যালান্স(During the month) | | | | | |

বিভাগ খ : আর্থিক প্রতিবেদন

| | গ্রান্ট-ইন-এড (টাকা) | | | অনির্ধারিত খরচের জন্য বরাদ্দ (টাকা) | | |
|---|---|---|---|---|---|---|
| | বন্টিত অর্থ (অ্যালোটেড) | অনুদান প্রদান করা অর্থ (ডিসবার্সড) | বর্তমান অর্থ (অ্যাভয়লেবল) | বন্টিত অর্থ (অ্যালোটেড) | ব্যয়কৃত অর্থ (এক্সপেন্ডেড) | বর্তমান অর্থ (অ্যাভয়লেবল) |
| ওপেনিং ব্যালান্স (Opening balance) | | | | | | |
| বর্তমান মাস (During the month) | | | | | | |
| ক্লোসিং ব্যালান্স (During the month) | | | | | | |

বিভাগ গ : অভিযোগ নিষ্পত্তির প্রতিবেদন

| | মোট অভিযোগ | | |
|---|---|---|---|
| | নথিভুক্ত অভিযোগ (Registered) | অনুসন্ধান সম্পূর্ণ হয়েছে (Enquiry Complete) | সমাপ্ত হয়েছে (Closed) |
| বর্তমান মাস (During the month) | | | |
| ক্লোসিং ব্যালান্স (During the month) | | | |
| বর্তমান মাস (During the month) | | | |

- জেলা শাসক প্রতি মাসের প্রথম কাজের দিনে ব্লক, মিউনিসিপ্যালিটি ও মিউনিসিপ্যাল করপোরেশন থেকে এম.আই.এস সংগ্রহ করবেন।
- জেলা শাসক প্রতি মাসের পঞ্চম কাজের দিনে ওই প্রতিবেদনের পি.ডি.এফ (জেলা শাসক দ্বারা স্বাক্ষরিত) করে রূপশ্রী রাজ্য স্তরে পাঠাবেন।